

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণি সম্পদ কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব শামীমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

তারিখঃ ১৯/০৪/২০২২ খ্রি.

সময়ঃ ১০:৩০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মৎস্য সম্পদের সম্পর্কে আলোকপাত করেন। তিনি জানান যে, প্রশিক্ষণ, তালিকা প্রণয়ন, উপকরণ বিতরণ ও নিয়মিত পুকুর পরিদর্শনসহ পরামর্শ প্রদান অব্যাহত আছে।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	প্রদর্শনী	তিনি জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প ২য় পর্যায় এর আওতায় ৩ (তিন) টি প্রদর্শনী বরাদ্দ পাওয়া গিয়াছে।	সঠিকভাবে তালিকা প্রস্তুত করে নতুন মৎস্য চাষি ও উদ্যোক্তাদের অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।
২	টিকা কার্যক্রম ও অন্যান্য সেবা প্রদান সংক্রান্ত আলোচনা	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, বিবেচ্যমাসে গবাদি পশুর টিকা প্রদান সংখ্যা ৬৫০০০মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান সংখ্যা ৪০০০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা প্রদান সংখ্যা ২০০০টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ৩৫০০০টি, কৃত্রিম প্রজনন সংখ্যা ৭৫০টি, সংকর জাতের বাছুর উৎপাদন সংখ্যা ৩১০টি, উন্নতজাতের ঘাস চাষ ৪ একর, ১দিনের মুরগীর বাচ্চা বিক্রয় সংখ্যা ৩৫০০০টি, গরুর খামার স্থাপন ০১, মুরগীর খামার স্থাপন ১টি, সবুজ ঘাস উৎপাদন ৪০ টন, কৃষক পরামর্শ প্রদান ৩০০ জন, উঠান বৈঠক ৩টি। বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে।		উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শামীমা আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা

ও

সভাপতি

মৎস্য ও প্রাণি সম্পদ কমিটি

উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

তারিখঃ ১৯/০৪/২০২২ খ্রি.

স্মারক নং-৩৩.০২.১২১৩.৫০১.৭৮.০০১.২১-৭৬

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।

৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

৪। উপজেলা..... কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।

৫। চেয়ারম্যান..... ইউপি ব্রাহ্মণবাড়িয়া সদর।

৬। জনাব.....

৭। অফিস নথি।

(মোঃ সামছু উদ্দিন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি

ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।